

নতুন ধারার দৈনিক

আমাদেরসময়

জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু ১ নভেম্বর

প্রকাশ | ৩০ অক্টোবর ২০১৮, ০০:০০ | আপডেট: ৩০ অক্টোবর ২০১৮, ০০:১০



নিজস্ব প্রতিবেদক



অষ্টম শ্রেণির সমাপনী পরীক্ষা ১ নভেম্বর থেকে শুরু হতে যাচ্ছে। গতকাল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ নিজ মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। এ বছর জেএসসি ও জেডিসি পরীক্ষা দুটিতে ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ শিক্ষার্থী অংশ নেবে বলে জানা গেছে।

সংবাদ সম্মেলনে পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণির সমাপনী পর্যন্ত শিক্ষার্থী বারে পড়ার তথ্যও তুলে ধরেন শিক্ষামন্ত্রী। শিক্ষা মন্ত্রণালয়ের দেওয়া তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, তিন বছর আগে ২০১৫ সালে স্কুল ও মাদ্রাসার পঞ্চম

পুরোনো ছবি

শ্রেণির সমাপনীতে
পাস করেছিল ৩০ লাখ
৪৮ হাজার ৫৪০

শিক্ষার্থী। এদেরই এ বছর জেএসসি ও সমানের পরীক্ষায়

অংশ নেওয়ার কথা। কিন্তু এর মধ্যে ৩ লাখ ৭৮ হাজার ২০৭ জন অষ্টম শ্রেণি শেষ করার আগেই ঝরে গেছে। এ ক্ষেত্রে পরিবারিক অসচ্ছলতা, অভিভাবকদের অসচেতনতা, সামাজিক সুরক্ষার অভাব এবং শিক্ষা প্রতিষ্ঠানের দুর্গম যোগাযোগব্যবস্থাকে দায়ী করছেন শিক্ষাবিদরা। বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ, উপবৃত্তি, মেয়েদের বাল্যবিয়ে নিরুৎসাহ, ইংরেজি, বিজ্ঞান ও গণিত বিষয়ে অতিরিক্ত ক্লাসের ব্যবস্থান কোনোটাই খুব বেশি কাজে আসছে না শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে।

এ প্রসঙ্গে নুরুল ইসলাম নাহিদ বলেন, আমাদের দেশে একসময় পঞ্চম শ্রেণি পার হওয়ার আগে ৪৮ শতাংশ শিক্ষার্থী ঝরে পড়ত। এখন এ হার কমে এসেছে। গত দশ বছরে ৩৩ হাজার ক্লাসরুম তৈরি করে শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোয় অভাবনীয় উন্নয়ন হয়েছে। এ ছাড়া শিক্ষার প্রতি সচেতনতা বেড়েছে মানুষের মধ্যে।

তবে শিক্ষাবিদ ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী আমাদের সময়কে বলেন, শিক্ষা উপকরণ থেকে শুরু করে প্রাইভেট-কোচিং, গাইড বই সবকিছু মিলিয়ে শিক্ষা এখন বাণিজ্যে পরিণত হয়েছে। অনেকের পক্ষেই এই ব্যয় বহন করা সম্ভব হচ্ছে না। ফলে সমস্যাটা অর্থনৈতিক।

শিক্ষাবিদ অধ্যাপক ড. একরামুল কবির বলেন, সামাজিক অবক্ষয়ের কারণেও শিক্ষার্থীরা ঝরে যায়। বর্তমানে ইভটিজিং মারাত্মক আকার ধারণ করেছে। যেসব অভিভাবক নিরাপত্তার অভাব বোধ করছেন, তারা সন্তানকে স্কুলে যাওয়া বন্ধ করে দিচ্ছেন। প্রান্তিক শিক্ষা প্রতিষ্ঠানের দুর্গম যোগাযোগব্যবস্থাও ঝরে পড়ার কারণ হিসেবে দেখছেন তিনি।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি